গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

**বিষয়: জাতীয় পাট দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে গত ৩১/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত 'সুভেনিয়্যর প্রকাশনা সংক্রান্ত উপ-কমিটি'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. সেলিনা আক্তার<br>মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | পাট অধিদপ্তরের সভাকক্ষ। |
| সভার তারিখ | : | ৩১/০১/২০২৪ খ্রি:। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট - ক |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পাট দিবস ২০২৪ এর কেন্দ্রিয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করায় তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জানান, জাতীয় পাট দিবস ২০২৪ সফলভাবে উদযাপনের জন্য ইতোমধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়ন কমিটি এবং বিভিন্ন বিষয়ের উপ-কমিটি গঠণ করা হয়েছে। জাতীয় পাট দিবস উপলক্ষ্যে প্রতিবারের ন্যায় এবছরও একটি সুভেনিয়্যর প্রকাশ করা হবে। তিনি জানান, সুভেনিয়্যরে পাট শিল্প বিষয়কে ভিত্তি করে লেখা/প্রবন্ধ প্রেরণ করার জন্য পাটখাত সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডার বরাবর গত ২২ নভেম্বর, ২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে এ পর্যন্ত ১৪টি লেখা পাওয়া গেছে। উক্ত লেখাগুলোসহ পাট অধিদপ্তর এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের কার্যক্রমের হালনাগাদ তথ্য সন্নিবেশ করে ইতোমধ্যে একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। খসড়া সুভেনিয়্যর প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শণের জন্য তিনি মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসারকে আহ্বান জানান। একটি মানসম্মত সুভেনিয়্যর প্রকাশ করার জন্য তিনি উপস্থিত সদস্যদের মতামত আহবান করেন। তিনি আরও বলেন, উক্ত সুভেনিয়্যরে পাট ও পাট সংশ্লিষ্ট বিভিন্ন স্টেক হোল্ডারদের বিজ্ঞাপন প্রচারের একটি সুযোগ রয়েছে । এ সম্পর্কে সভায় উপস্থিত সকলকে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ খসড়া সুভেনিয়্যরের বিভিন্ন লেখা ও শিরোনাম সংশোধন ও পরিমার্জন এবং নতুন লেখা সংগ্রহের বিষয়ে মতামত ব্যক্ত করেন। আলোচনায় সকলের সম্মতিক্রমে নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয় :

০২। সুপারিশ/সিদ্ধান্তসমূহ :

ক) সুভেনিয়্যরের কমিটি সংক্রান্ত পৃষ্ঠায় সদস্য হিসেবে দপ্তর/সংস্থা ও স্টেকহোল্ডারদের প্রতিনিধি'র স্থলে প্রতিষ্ঠানের নামসহ প্রতিনিধি লিখতে হবে;

খ) প্রাপ্ত লেখাসমূহ প্রয়োজনীয় যাচাই-বাছাই করে বানান ও বাক্য বিন্যাস সংশোধন করতে হবে এবং নতুন লেখা সংগ্রহ করতে হবে;

গ) লেখকদের পদমর্যাদার ক্রমানুসারে লেখার ধারাবাহিকতা বজায় রাখতে হবে; এবং

ঘ) আগামী ১২ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে বিজ্ঞাপন প্রকাশে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক বিজ্ঞাপনের নমুনা/চুড়ান্ত কপি প্রেরণ করবেন। এতদসংগে স্মরণিকা প্রকাশে আর্থিক সহায়তা প্রদান করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৭/২/২০২৪

(ড. সেলিনা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ২২৩৩৮১৫৪৬।

স্মারক নম্বর-২৪.০১.০০০০.০০১.২৩.০০১.২৪-১৬৪

তারিখ : ২৪ মাঘ, ১৪৩০ / ০৭ ফেব্রুয়ারি, ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৩. চেয়ারম্যান, বিজেএমসি, আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা।
৪. চেয়ারম্যান, বিটিএমসি, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
৫. নির্বাহী পরিচালক, জেডিপিসি, মনিপুরী পাড়া, ফার্মগেট, ঢাকা
৬. চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন(বিজেএমএ), আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন(বিজেএসএ), ৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

৮. চেয়ারম্যান, বাংলাদেশ জুট এসোসিয়েশন (বিজেএ), বিজেএ ভবন, ৭৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, এ এন্ড এ টাওয়ার, ১৭৩, আরামবাগ, মতিঝিল, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ শিপার্স কাউন্সিল, হাউজ নং-৩২, রোড নং-০২, ধানমন্ডি, ঢাকা।
১১. যুগ্মসচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. যুগ্মসচিব (বাজেট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপসচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. জনাব সৈকত চন্দ্র হালদার, জনসংযোগ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর : ২৪.০১.০০০০.০০১.২৩.০০১.২৪.১৬৪

তারিখ : ২৪ মাঘ, ১৪৩০ / ৭ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. প্রকল্প পরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), পাট অধিদপ্তর, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার, পাট অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা।

07.02.2024

(মো: লুৎফর রহমান সিকদার)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)